



নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

১। ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগ

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
উচ্চমান সহকারি টাঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ টি	প্রার্থীকে ন্যূনতম স্নাতক/সমমানের পাশ হতে হবে। প্রার্থীকে অফিস সংশ্লিষ্ট কাজে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সিজিপিএ গ্রহণযোগ্য নয়।

২। ছাত্র-শিক্ষক কেন্দ্র

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
এয়ার কন্ডিশনিং মেশিন অপারেটর-কাম- মেকানিক (পুনঃবিজ্ঞপ্তি) টাঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ টি	প্রার্থীকে কমপক্ষে এস.এস.সি পাশ হতে হবে। প্রার্থীকে সরকার অনুমোদিত যে কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে ১ বছর মেয়াদী “এসি” ট্রেড কোর্স পাশসহ সেন্ট্রাল ‘এসি’ অপারেশন ও রক্ষণাবেক্ষন কাজে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। শিক্ষা জীবনে কোন ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সিজিপিএ গ্রহণযোগ্য নয়।

২। প্রধান প্রকৌশলীর দপ্তর

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
ওয়েল্ডার মিস্ত্রি টাঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ টি	প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণিতে এস.এস.সি পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ বছরের ট্রেড কোর্স পাশ হতে হবে। প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সিজিপিএ গ্রহণযোগ্য নয়।

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবরে লিখিত দরখাস্ত আগামী ১৫-১১-২০১৮ খ্রীস্টাব্দ/০১-০৮-১৪২৫ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১-এর আবেদনপত্র ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারম্যান-এর অফিসে, ক্রমিক-২-এর আবেদনপত্র ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক-এর অফিসে এবং ক্রমিক-৩-এর আবেদনপত্র প্রধান প্রকৌশলী, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌঁছাতে হবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে।